

# সাফারি পার্কে সিংহদর্শন

প্রথম পাতার পর

অন্যদিকে, সিংহ বা জেব্রার মতো প্রাণীদের নিয়ে আসা হলে চিকিৎসার জন্য কী প্রয়োজন হবে? হাসপাতালের পরিকাঠামোর কোনও উন্নয়ন প্রয়োজন কিনা গত বুধবার থেকেই বিষয়গুলি নিয়ে আলোচনা চলছে। পার্কের পরিকাঠামো উন্নয়নে যা যা প্রয়োজন সেগুলির একটি তালিকা তৈরি করে রাজ্য জু অথরিটির কাছে পাঠানো হবে। নতুন জন্তু নিয়ে আসার আগেই এই কাজগুলি করে নেওয়া হবে বলে সাফারি পার্কের কর্তারা জানিয়েছেন।